R. N. No. 2532/57 Ph.: 66228 (P.), 67228 (Resi.)/STD 03483 P. Regd. No. Tech./WB/RNP 214/2001

মাত্র ২০০০/- টাকায়
Computer শিখুন
Webel Computer Centre
Haridasnagar
Raghunathganj
PH—67976

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং— ১২ / ১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত)
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৮শ বর্ষ
১৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩০শে শ্রাবণ, বুধবার, ১৪০৮ সাল।
১৫ই আগষ্ট, ২০০১ সাল।
নগদ মূল্য ঃ ১ টাকা
বার্ষিক ঃ ৫০ টাকা

## বিদ্যুৎ দপ্তরে তের ঘণ্টা ঘেরাও করে রাখা এস এস এবং এ ই-কে মুক্ত করলেন স্বয়ং ডি ই এসে

নিজস্ব সংবাদদাতা ঃ নয় দফা দাবীর ভিত্তিতে গত ৯ আগষ্ট সকাল ১০টা থেকে রাত ১১টা পর্যন্ত অরঙ্গাবাদ বিদ্যুৎ পর্ষদের ষ্টেশন সুপারিনটেনডেন্ট এবং এ্যাসিঃ ইঞ্জিনীয়ারকে তাঁদের দপ্তরে ঘেরাও করে রাখেন স্থানীয় ডি ওয়াই এফ আই-এর কর্মীরা। সব চেষ্টা ব্যর্থ হলে অফিসারদের ঘেরাও মুক্ত করতে ডিভিশনাল ইঞ্জিনীয়ারকে বহরমপুর থেকে ঐ রাতে অরঙ্গাবাদে ছুটে আসতে হয়। সাত দিনের মধ্যে দাবীগুলোর প্রতিকারে ডি, ই আশ্বাস দিলে অফিসাররা ঘেরাও মুক্ত হন। আন্দোলনকারীদের নয় দফা দাবীর মধ্যে প্রধান দাবী ছিল সাজুর মোড়ে প্রায় এক বছর আগে পাওয়ার ষ্টেশনের জন্য আট কোটি টাকা মঞ্জুর হওয়া সত্ত্বেও সেখানে এখন পর্যন্ত কোন কাজ (শেষ পৃষ্ঠায়)

## বি এস এফের গুলিতে একজনের মৃত্যু, গ্রামে উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ-২ ব্লকের তেঘরী অঞ্চলের কৃষ্ণশাইল মহালদারপাড়ায় গ্রামবাসীদের সঙ্গে বি এস এফের সংঘর্ষে জনৈক গ্রামবাসী সফিক সেখ গুলিবিদ্ধ হয়ে গত ৮ আগষ্ট দুপুরে ঘটনাস্থলে মারা যান। খবর, রামপুরা বি এস এফ ক্যাম্পের ২০/২২ জনের একটি দল গরু ধরার উদ্দেশ্যে মহালদাপাড়ায় গিয়ে গরু না পেয়ে গ্রামের লোকেদের সঙ্গে দুর্ব্যবহার শুরু করলে সংঘবদ্ধভাবে গ্রামের লোকে এর প্রতিবাদ করে। এই নিয়ে দু' পক্ষের মধ্যে বচসা সংঘর্ষে রূপ নেয়। গ্রামবাসীরা চারপাশ থেকে বি এস এফ বাহিনীকে ঘিরে ফেলে ইট পাটকেল পরে বোমা ছুড়তে থাকে। বহু গ্রামবাসী জঙ্গিপুর—লালগোলা রাস্তার উপর ভিড় করে। বি এস এফ পাল্টা গুলি চালালে সফিক সেখ ঘটনাস্থলে মারা যান। প্রায় ১৬ রাউন্ড গুলি চালায় বি এস এফ বলে খবর। পরে বি এস এফ বাহিনী সফিকের মৃতদেহ তুলে নিয়ে গিয়ে লালবাগ ক্যানটনমেন্ট হাসপাতালে জমা দেয়। সুযোগ বুঝে গরু পাচারকারীরা বিভিন্ন দিকে গা ঢাকা দেয়। এই ঘটনার পর গ্রামে উত্তেজনা প্রবল।

## *বিশেষজ্ঞদের মতে ঠাণ্ডা পানীয় ধীরে কাজ করা বিষ*

বিশেষ প্রতিবেদক ঃ কোকাকোলা, পেপসি ইত্যাদি বোতলজাত ঠাণ্ডা হালকা পানীয় স্বাস্থ্যের পক্ষে বিশেষ ক্ষতিকারক। এই অভিমত মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও পুষ্টি বিশেষজ্ঞ উইলিয়াম ফ্রেজিয়ারের। তিনি বিশ্বের স্বাস্থ্য সচেতন দশ হাজার ব্যক্তিকে ই-মেল পাঠিয়ে ঠাণ্ডা পানীয়ের বিরুদ্ধে জনমত গঠনের আবেদন জানিয়েছেন। ফ্রেজিয়ার বলেছেন এই জাতীয় ঠান্ডা পানীয়ে ইথেলিন গ্লাইসল নামে একটি রাসায়নিক পদার্থ থাকে। এই রাসায়নিক বোতলের পানীয়কে ঠান্ডা রাখে কিন্তু জমে বরফ হতে দেয় না। এই কারণে বোতলজাত পানীয়কে কড়া ঠান্ডার মধ্যে রাখা হলেও তা জলের মত জমে বরফ হয় না। শরীরের পক্ষে ক্ষতিকারক এই ইথেলিন গ্লাইসল ফুসফুস ও হৃদযন্ত্রের ক্রিয়াকে ধীরে ধীরে বন্ধ করে দেয়। ফ্রেজিয়ারের মতে রাসায়নিকটি এক ধরনের বিষ যা ধীরে ধীরে বিষক্রিয়া শরীরে ছড়ায়। কলকাতার বিশিষ্ট (শেষ পৃষ্ঠায়)

## দশ বছরের মেয়েকে ধর্ষণ করে অপরাধী এখনও ধরা পড়েনি

নিজস্ব সংবাদদাতা ঃ সুতী থানার সিধোরী গোপালনগর গ্রামের সনাতন মন্ডলের দশ বছরের মেয়ে জ্যোৎস্না গত ২৯ জুলাই ধর্ষিতা হয়। ঐ গ্রামেরই ডাকু মন্ডলের ছেলে নিতাই (২৫) জ্যোৎস্নাকে নিরিবিলিতে পেয়ে ধর্ষণ করে। এরপর জ্যোৎস্নাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। আসামীর বিরুদ্ধে (শেষ পৃষ্ঠায়)

## জীপ চাপা পড়ে এক হোমগার্ডের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি থানা এলাকায় ৩৪ নম্বর জাতীয় সড়কের দোহালীর মোড়ে গত ৬ আগষ্ট রাত ৮-৩০ নাগাদ সাগরদীঘি পুলিশের এক জীপ দুর্ঘটনায় জনৈক হোমগার্ড গাঙ্গাড্ডা গ্রামের নৈমুদ্দিন সেখ মারা যান। জানা যায় জীপটি মোড়গ্রাম থেকে পেট্রোল দিয়ে রতনপুর অভিমুখে আসার পথে (শেষ পৃঃ)

## আবার এক ওষুধ ব্যবসায়ী গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা ঃ ধুলিয়ান শহরের জনপ্রিয় ওষুধ ব্যবসায়ী সিনহা মেডিক্যাল এজেন্সীর মালিক অনুপ সিনহাকে পুলিশ সন্দেহজনক ওষুধ রাখার অভিযোগে সম্প্রতি গ্রেপ্তার করে। জানা যায় ড্রাগ ইন্সপেক্টর তাঁর গোডাউনে তল্লাসী চালিয়ে বেশ কিছু সন্দেহজনক ওষুধ উদ্ধার করেন। ঐসব ওষুধের কোন পারচেস মেমো নাকি উক্ত ব্যবসায়ী দেখাতে পারেননি। অনুপ সিনহাকে জঙ্গিপুর কোর্টে হাজির করলে তাঁর জামিন না মঞ্জুর হয়। বর্তমানে তিনি জঙ্গিপুর সাব জেলে।

শরৎচন্দ্র পণ্ডিতের (দাদাঠাকুর) অনবদ্য সৃষ্টি বিদূষক পত্রিকার বাছাই রচনা থেকে সংকলিত
সেরা বিদূষক (১ম ও ২য় খণ্ড)
দাম ঃ প্রতি খণ্ড ৭০.০০, দুই খণ্ড একত্রে ১১০.০০ (ডাক খরচ পৃথক)
প্রাপ্তিস্থান ঃ দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন/রঘুনাথগঞ্জ/মুর্শিদাবাদ। ফোন ঃ এস টি ডি ০৩৪৮৩/৬৬২২৮ (প্রেস)/৬৭২২৮ (বাড়ী)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩০শে শ্রাবণ বুধবার, ১৪০৮ সাল।

## ॥ প্রকৃত শপথ বাক্য ॥

১৫ই আগষ্ট, ভারতের স্বাধীনতা দিবস। সহস্রাব্দের প্রথম স্বাধীনতা দিবস। ১৯৪৭ সালে দ্বি-জাতিতত্ত্বের ভিত্তিতে ভারত ভাগের দাবী মানিয়া লইয়া ভারতের তৎকালীন নেতৃবৃন্দ পাকিস্তান ও ভারত— এই দুই রাষ্ট্রের জন্ম দিয়া শাসনাধিকার লাভ করিলেন। ক্ষমতালাভের মোহ তখন আমাদিগকে এমনই আচ্ছন্ন করিয়া রাখিয়াছিল যে, রোপণ করা বিষবৃক্ষের পরিণাম তখনই না বুঝিলেও আজ মর্মে মর্মে উপলব্ধি করা যাইতেছে।

জন্মলগ্ন হইতেই পাকিস্তানের ভারত-বৈরিতা জম্মু-কাশ্মীর বিষয়ে প্রকট হয়। কয়েকটি যুদ্ধে পাকিস্তান হারিয়া গেলেও হাল ছাড়ে নাই। ভারত সম্বন্ধে তাহার নবতম অভিযান শুরু হইয়াছে— একদিকে আই এস আইয়ের কর্যকলাপ, অন্যদিকে জম্মু-কাশ্মীরে জঙ্গীহানা, আজাদ কাশ্মীরে জঙ্গী প্রশিক্ষণ চলিতেছে হাজারে হাজারে। ভাড়াটে সৈনিকদিগকে ভারতে প্রেরণ করা হইতেছে। দেশের অভ্যন্তরে বিস্ফোরণ ঘটাইয়া প্রাণ ও সম্পত্তির বিনাশ ঘটান হইতেছে। নিরীহ তীর্থযাত্রীদের প্রাণ বলি হইতেছে। নিয়ন্ত্রণ রেখা বরাবর বিভিন্ন সেক্টরে জঙ্গীরা ভারতীয় এলাকায় অনুপ্রবিষ্ট হইয়া আঘাত হানিবার মওকায় অপেক্ষমাণ। জম্মুতে নিরপরাধ মানুষদের নির্বিচারে জঙ্গীরা হত্যা করিয়া চরম সন্ত্রাসের সৃষ্টি করিয়া চলিয়াছে।

কেন্দ্রীয় সরকার জম্মু-কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ বলিয়া সোচ্চার হইলেও তদীয় কার্যকলাপে তত্রত্য জনগণের নিশ্চিত নিরাপত্তার কোন লক্ষণ দেখা যাইতেছে না। জম্মুতেই নানা স্থানে মানুষকে নির্বিচারে হত্যা করিতেছে জঙ্গীরা। তাহারা বিদেশী অস্ত্রে সজ্জিত হইয়া আসিতেছে। ভারতের সদিচ্ছার প্রমাণ পাকিস্তান নানা বৈরিতায় দিয়াছে। অটলবিহারী বাজপেয়ীর বাসে লাহোর যাত্রার উত্তরে পাকিস্তান কারগিল বাধাইয়াছিল। আগ্রায় বাজপেয়ী-মোশারফের শীর্ষ বৈঠক ব্যর্থতায় পর্যবসিত হইলেও পাক সামরিক শাসক পারভেজ মোশারফের পালে যথেষ্ট হাওয়া লাগিয়াছে। তিনি জম্মু-কাশ্মীরে জঙ্গী হানাকে সেখানকার লোকের স্বাধীনতা সংগ্রাম আখ্যা দিয়াছেন এবং এইভাবেই জনমত গঠন করিতেছেন; জঙ্গী সন্ত্রাস তিনি মানেন না। অথচ জঙ্গি সন্ত্রাস ক্রমবর্দ্ধমান। ভারতের শাসককুল শান্তির ললিত বাণী শুনাইতে তৎপর রহিয়াছেন। স্বরাষ্ট্রমন্ত্রী এক সময় জঙ্গী সন্ত্রাস দমনের জন্য যে দৃঢ় পদক্ষেপ লইবার কথা দৃঢ়তার সঙ্গে ঘোষণা করিয়াছিলেন, পরিণামে তাহা পর্বতের মূষিকপ্রসবে পরিণত হইয়াছে। জম্মু উপদ্রুত এলাকা বলিয়া ঘোষিত হইয়াছে। ভারতের উত্তর-পূর্বাঞ্চলও ক্রমঅশান্ত হইয়া উঠিতেছে। নাগাল্যাণ্ড সমস্যা ও মণিপুর সমস্যার সমাধানে কেন্দ্রীয় সরকার মিলিটারি পাঠাইয়া কর্তব্য সম্পাদন করিয়াছেন।

বস্তুত বর্তমান কেন্দ্রীয় সরকার দেশের মানুষের নিরাপত্তা ও স্বার্থরক্ষার ব্যাপারে সুনির্দিষ্ট দৃঢ় নীতি লইতে না পারায় মানুষের দুর্গতি চরমে উঠিয়াছে। আন্তর্জাতিক দরবারে কেন্দ্রীয় সরকার বাহবা কি নিন্দা, কী পাইতেছেন, তাহা বলিতে পারি না। তবে কেন্দ্রীয় সরকারের নানা দুর্বলতা ক্রমশ প্রকাশ পাইতেছে। এই অবস্থায় ভারতের জনগণ যদি নিরাপত্তা না পান, দিনের পর দিন যদি তাঁহারা হত্যারই শিকার হন, তবে তাঁহারা ভারতের প্রতি আকর্ষণ ক্রমশ হারাইবেন, ইহা নিশ্চিত।

আজিকার দিনে সরকারকে সকলের নিকট বিশ্বাসযোগ্য করিয়া তুলিতে হইলে দৃঢ় পদক্ষেপে আগাইতে হইবে, জনগণকে নিশ্চিত নিরাপত্তা দান করিতে হইবে। বহির্ভারতে কোন্ রাষ্ট্র বাহবা দিল কি 'দুয়া' দিল, তাহা না দেখিয়া দেশের ভিতরের ও বাহিরের কণ্টক নির্মূল করিতে হইবে। ইহাই হইবে আজিকার প্রকৃষ্ট শপথ বাক্য।

## জঙ্গিপুর হাই স্কুলে ভর্তি নিয়ে গণ্ডগোলের পরিপ্রেক্ষিতে স্কুল পরিচালন কমিটির সভাপতির প্রতিবেদন

জঙ্গিপুর উচ্চ মাধ্যমিক স্কুলে এ বৎসর একাদশ শ্রেণী বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য নিজ স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত ৫৩৫নং এবং বহিরাগতদের ক্ষেত্রে ৫৬০নং দের ফর্ম দেওয়ার সিদ্ধান্ত এ্যাকাডেমিক কাউন্সিল নেয়। সেই সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞান বিভাগে ৫১ জন কোটার মধ্যে ৪৯ জন ভর্তি করা হয়। আর মাত্র ২ জন ভর্তি হতে পারে এমতাবস্থায় সেকেন্দ্রা স্কুলের ২ জন যাদের প্রাপ্ত নং ৫৪৪ এবং রঘুনাথগঞ্জ গার্লস এর একজন ছাত্রী যার প্রাপ্ত নং ৫৮৯, এদের অভিভাবকগণ ভর্তির ব্যাপারে স্কুল পরিচালন কমিটীকে অনুরোধ করেন। কারণ হিসাবে সেকেন্দ্রা স্কুলের আশেপাশে কোন উচ্চ মাধ্যমিক স্কুল নাই এবং গার্লস এর ছাত্রীটীর হার্টের অসুখ থাকায় দূরের স্কুলে পড়াশুনা অসুবিধা বিবেচনা করে পরিচালন কমিটি এদের ভর্তির ব্যাপারে চিন্তাভাবনা করার জন্য এ্যাকাডেমিক কাউন্সিল ও তার সম্পাদক টিচার-ইন-চার্জকে অনুরোধ করেন। পরবর্তীতে এ্যাকাডেমিক কাউন্সিল এর কয়েকজন সদস্য পূর্ব্ব সিদ্ধান্ত পরিবর্তন করে জঙ্গিপুর স্কুল পরিচালন কমিটির প্রাক্তন সদস্য নয়নকুমার প্রামাণিকের ছেলেকে (প্রাপ্ত নং ৪১১) ভর্তির সিদ্ধান্ত নেয় এবং একই-ভাবে আরও উপরিউক্ত তিনজনকে ভর্তি সিদ্ধান্ত নেওয়া হয়। এর দুই দিন পরে টিচার-ইন-চার্জ, স্কুল পরিচালন কমিটিকে জানান যে, প্রাক্তন সদস্যের ছেলে ছাড়া আরও অন্য তিনজন (প্রাপ্ত নং ৪২৩, ৪৯৭, ৫২৫) তাদের ভর্তির ব্যাপারে এ্যাকাডেমিক কাউন্সিলকে অনুরোধ করলে, পরে একদিন বসে সিদ্ধান্ত নেওয়া হবে বলে তারা জানান। তার ঠিক দুই দিন পর এস এফ আই এর ছেলেদের পূর্বের ছেলেদের ভর্তির ব্যাপারে টিচার-ইন-চার্জ ও কয়েকজন শিক্ষকদের সঙ্গে বাদানুবাদ ও গণ্ডগোল হয়। উক্ত গণ্ডগোলের পর টিচার-ইন-চার্জ তাঁর পদ থেকে ইস্তফা দিয়ে ৭ দিনের ছুটি নিয়ে বাড়ী চলে যান। এরপর ষ্টাফ কাউন্সিল এই ঘটনাকে কেন্দ্র করে একদিন ক্লাস বয়কটও করে। এমতাবস্থায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য স্কুল পরিচালন কমিটি এ্যাকাডেমিক কাউন্সিলকে ভর্তি বন্ধ রাখার অনুরোধ করে। এবং আরও বলে যে, টিচার-ইন-চার্জ বসলে পুনরায় আলোচনা করে উপরিউক্ত চারজনকে ফর্ম দিয়ে ভর্তির ব্যাপারে চুড়ান্ত সিদ্ধান্ত নিয়ে ভর্তিপর্ব শেষ করা হবে। এরপর হঠাৎ গত ২ আগষ্ট এই স্কুলের পরিচালন কমিটির প্রাক্তন সদস্য সুবীরকুমার দে (ধানু) এবং নয়ন প্রামাণিক তাঁদের অতি পরিচিত এ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য ও পিওনের সাথে যোগসাজসে অবৈধভাবে বিজ্ঞান বিভাগের ৪টি ফর্ম আলমারী থেকে নিয়ে, অস্থায়ী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মহাশয়ের নিকট নয়ন প্রামাণিকের ছেলেসহ আরও অন্য তিনজনকে ভর্তির ব্যাপারে চাপ দিলে, শিক্ষক মহাশয় তাঁদেরকে অনুমতি দেন। সেই সময়, স্কুল পরিচালন কমিটির সভাপতি হিসাবে (শেষ পৃষ্ঠায়)

পশ্চিমবঙ্গ সরকার

তথ্য ও সংস্কৃতি বিভাগ

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের করণ

বহরমপুর ● মুর্শিদাবাদ

# জেলা পথ নাটক উৎসব—২০০১

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে ও মুর্শিদাবাদ জেলা পরিষদ এবং জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় জেলা পথ নাটক উৎসব অনুষ্ঠিত হবে। আগামী ৯—১১ অক্টোবর ২০০১ ডোমকল মহকুমার ইসলামপুর এবং ১২—১৩ অক্টোবর, ২০০১ কান্দিতে এই উৎসব হবে।

জেলা পথ নাটক উৎসবে অংশগ্রহণ করার জন্য নিয়মিত নাট্য চর্চা করেছেন এমন নাট্য দলগুলির কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত তথ্যগুলি জানাতে হবে।

১) ধারাবাহিক নাট্য চর্চার প্রয়াস দাখিল করতে হবে। সেই সঙ্গে দিতে হবে সাম্প্রতিক কালে প্রযোজিত নাটকের নাম, নাট্যকারের নাম ইত্যাদি।

২) নাট্য একাদেমি আয়োজিত কোন উৎসবে অংশগ্রহণ করেছেন কিনা। করে থাকলে তার বিশদ বিবরণ দিতে হবে।

৩) সাম্প্রতিক কালের প্রযোজিত নাটক উৎসবে মঞ্চস্থ করতে হবে।

৪) আবেদনের সময়ে উল্লেখ করতে হবে ঃ—

(ক) নাট্য দলের ঠিকানা (খ) নাটক, নাট্যকার ও পরিচালকের নাম (গ) নাটকের সময়সীমা অবশ্যই ৪৫ মিনিট এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। ঘ) নাটকের পাণ্ডুলিপি আবেদনের সঙ্গে পাঠাতে হবে।

নাট্যদল প্রযোজনার জন্য দু হাজার টাকা ও শিল্পীদের জন-প্রতি যাতায়াত ভাড়া অংশগ্রহণের অনুমতি পেলে পাবে। অংশগ্রহণে ইচ্ছুক নাট্যদলগুলি পাণ্ডুলিপি সহ আগামী ৩১শে আগষ্ট ২০০১ এর মধ্যে জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক এর নামে আবেদন করতে পারেন।

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক,
মুর্শিদাবাদ

স্মারক নং ৩৯২ (১০)/তথ্য/মুর্শিদাবাদ তারিখ ১০-৮-২০০১

# মুর্শিদাবাদ জেলা সাংস্কৃতিক প্রতিযোগিতা

রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম ও সুকান্ত ভট্টাচার্যের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের শ্রদ্ধাঞ্জলি

১লা ও ২রা সেপ্টেম্বর, ২০০১ ☐ সকাল ৯টা ☐ বহরমপুর রবীন্দ্রসদন

উদ্যোগে ঃ— জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ এবং বহরমপুর রবীন্দ্রসদন

★ অঙ্কন ( বসে আঁকো ) প্রতিযোগিতা ★

ক বিভাগ ( অনধিক ৯ বছর )

তোমার পরিবেশ/হাটে বা ষ্টেশনে বা মেলায় জাতীয় সম্প্রীতির দৃশ্য/পুকুর বা নদীর জল দূষণের দৃশ্য।

খ বিভাগ ( ৯—১৫ বছর )

রাস্তায় জঞ্জাল সমস্যার দৃশ্য/পানীয় জল সমস্যার দৃশ্য / পানীয় জল অপচয়ের দৃশ্য।

গ বিভাগ ( বয়স ঃ ১৫ বছরের বেশি )

( কল্পনাভিত্তিক ) শব্দ দূষণের প্রভাব/গাছ কাটার সময় গাছের যন্ত্রণার দৃশ্য/শিকারীর আঘাতে পাখির যন্ত্রণার দৃশ্য।

॥ বসে আঁকো প্রতিযোগিতার সময় ঃ প্রতি বিভাগ ২ ঘন্টা ॥

★ আবৃত্তি প্রতিযোগিতা ★

ক বিভাগ ( অনধিক ৯ বছর )

প্রশ্ন/রবীন্দ্রনাথ ঠাকুর ( মাগো, আমায় ছুটি দিতে বল )

শিশুর সাধ/নজরুল ইসলাম ( আমি হবো সকাল বেলার পাখি )

দেশলাইকাঠি/সুকান্ত ভট্টাচার্য

( আমি একটা ছোট্ট দেশলায়ের কাঠি )

খ বিভাগ ( ৯—১৫ বছর )

মৃত্যুঞ্জয়/রবীন্দ্রনাথ ঠাকুর ( দূর হতে ভেবেছিনু মনে )

কান্ডারী হুঁশিয়ার/নজরুল ইসলাম ( দুর্গম গিরি কান্তার মরু )

একটি মোরগের কাহিনী বা ছাড়পত্র/সুকান্ত ভট্টাচার্য

(একটি মোরগ হঠাৎ আশ্রয় পেয়ে গেল বা
যে শিশু ভূমিষ্ঠ হলো আজ)

★ সঙ্গীত প্রতিযোগিতা ★

ক বিভাগ (১১ থেকে ১৮ বছর) খ বিভাগ (১৮ থেকে ২৭ বছর)

বিষয় ঃ রবীন্দ্রনাথ ঠাকুর বা নজরুল ইসলাম রচিত যে কোন গান

★ নৃত্য প্রতিযোগিতা ★

ক বিভাগ (অনধিক ৯ বছর) খ বিভাগ (৯ থেকে ১৫ বছর)

বিষয় ঃ রবীন্দ্রনাথ ঠাকুর বা নজরুল ইসলামের যে কোন গানের নৃত্যরূপ।

- ✪ যে কেউ বয়সের ভিত্তিতে সমস্ত প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন।
- ✪ নির্দিষ্ট আবেদন পত্রে প্রতিটি বিষয়ের জন্য আলাদা আলাদা ভাবে আবেদন করতে হবে।
- ✪ আবেদন পত্র সংগ্রহ করতে হবে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, বহরমপুর বা রবীন্দ্রসদন থেকে।
- ✪ প্রতিযোগিতা সংক্রান্ত বিস্তৃত নিয়মাবলী আবেদন পত্রেই পাওয়া যাবে।
- ✪ আবেদন পত্র জমা দিতে হবে জেলা বা মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরে, কিংবা বহরমপুর রবীন্দ্রসদনে।
- ✪ আবেদন পত্র জমা দিতে হবে ৩০ আগষ্ট, ২০০১ বিকেল সাড়ে পাঁচটার মধ্যে।

স্মারক নং—৩৭৯ (২২)/তথ্য/মুর্শিদাবাদ তারিখ ৩-৮-২০০১

**কমিটির সভাপতির প্রতিবেদন** (২য় পৃষ্ঠার পর)

আমি যেহেতু ভর্তির ব্যাপার নিয়ে গন্ডগোল হয়েছে এবং উপরিউক্ত সেকেন্দ্রা স্কুলের ২ জন ও গার্লস স্কুলের ১ জনকে বাদ দিয়ে, এদের থেকে কম নম্বর পাওয়া ছেলেদের ভর্তি করলে আরও গন্ডগোল ব্যাপক আকার ধারণ করবে ভেবে, স্কুলের শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য, আলোচনা না করে ভর্তি আপাতত বন্ধ রাখতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে অনুরোধ করি এবং উনি তা মেনেও নেন। এরপর সুবীরকুমার দে প্রচন্ড উত্তেজিত হয়ে আমাকে অফিসের মধ্যে ঢুকে মারার জন্য তেড়ে যান এবং অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে এবং ভর্তি বন্ধ করার জন্য আমাকে দেখে নেবে বলে শাসায়। অন্যান্য শিক্ষকদের সহায়তায় পরিবেশ শান্ত হয়। জঙ্গিপুর উচ্চ মাধ্যমিক স্কুল পরিচালন কমিটীর সভাপতি হিসাবে, এ্যাকাডেমিক কাউন্সিল, টিচার-ইন-চার্জ ও পরিচালন কমিটির সদস্যদের কাছে আমার অনুরোধ, নিজেদের স্বার্থসিদ্ধি জলাঞ্জলি দিয়ে, নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে সার্বিক আলোচনান্তে স্কুলের অগ্রগতির বিষয়ে চিন্তা করতে এগিয়ে আসুন।

১৩/৮/২০০১ সারফুল আলম খাঁন/জঙ্গিপুর

সভাপতি, জঙ্গিপুর হাই স্কুল পরিচালন কমিটি

**মুক্ত করলেন স্বয়ং ডি ই এসে** (১ম পৃষ্ঠার পর)

শুরু হয়নি। পাওয়ার ষ্টেশনের কাজ জরুরী পর্যায়ে শুরু করতে হবে। এ ছাড়া অন্যান্য দাবীগুলোর মধ্যে ছিল— অকেজো ট্রান্সফর্মার দ্রুত মেরামত বা কোন কোন জায়গায় নতুন ট্রান্সফর্মার বসাতে হবে। রিডিং না নিয়ে এলোপাথারি বিল তৈরী বন্ধ করতে হবে। হুকিং ট্যাপিং কঠোরভাবে বন্ধ করতে হবে। যে সব এলাকায় বিদুৎ নাই সে সব এলাকায় বিদ্যুৎ চালু করতে হবে ইত্যাদি। বিদ্যৎ অফিস চত্বরে পুলিশী ব্যবস্থা জোরদার ছিল। স্থানীয় ব্যবসায়ী মহল থেকে সাধারণ মানুষ প্রত্যেকেই আন্দোলনকারীদের সমর্থনে এগিয়ে আসেন। এ ছাড়া ঘটনাস্থলে উপস্থিত ছিলেন সুতী-২ ব্লকের সিপিএম সম্পাদক অমল চৌধুরী, ডি ওয়াই এফ আই এর সভাপতি ইয়াদ আলি প্রমুখ।

**ধীরে কাজ করা বিষ** (১ম পৃষ্ঠার পর)

ফরেন্সিক বিশেষজ্ঞ ডাঃ জে বি মুখোপাধ্যায় ফ্রেজিয়ারের বক্তব্যের সঙ্গে সহমত হয়ে বলেছেন যে ঠান্ডা পানীয়ে মিশ্রিত এই বিশেষ রাসায়নিকটি শ্বাসনালি ও হৃদযন্ত্রের পক্ষে ক্ষতিকারক।

দ্বিতীয়তঃ ঠান্ডা পানীয়ে ঝাঁজ আনা ও দীর্ঘকাল সংরক্ষণের জন্য কার্বন-ডায়অক্সাইড গ্যাস ব্যবহার করা হয়। এই অতি বিষাক্ত গ্যাস মানুষের শরীরের পক্ষে ক্ষতিকারক। কলকাতার চিকিৎসকদের অভিমত নিয়মিত এই বিষাক্ত গ্যাস মিশ্রিত পানীয় সেবনে হজমের গোলমালসহ নানা ধরনের পেটের রোগ হতে বাধ্য। কোকাকোলা ও পেপসি সংস্থার পক্ষ থেকে অবশ্য অভিযোগ নস্যাৎ করে দিয়ে বলা হয়েছে যে মানুষের শরীরেই ক্ষতিকারক বস্তুর প্রতিক্রিয়া রোধের ব্যবস্থা আছে। যেমন স্বল্প পরিমাণ কার্বন-ডায়অক্সাইড গ্যাস স্বাভাবিকভাবেই ঢেকুর তোলার সঙ্গে শ্বাসনালি দিয়ে শরীর থেকে বেরিয়ে যায়। এই দুটি বহুজাতিক সংস্থা দাবি করেছে যে তাদের উৎপাদিত পানীয়ে ইথোলন গ্লাইসল রাসায়নিকটি মোটেই ব্যবহার করা হয় না। তবে তারা জানায়নি তাদের বোতলজাত পানীয়কে জমে বরফ হয়ে যাওয়া প্রতিরোধে কী ধরনের রাসায়নিক ব্যবহার করে। (বিশ্ব সংবাদ কেন্দ্র)

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**অপরাধী এখনও ধরা পড়েনি** (১ম পৃষ্ঠার পর)

সুতী থানায় লিখিত অভিযোগ জানালে গত ৭ আগষ্ট পুলিশ জ্যোৎস্নাকে জঙ্গিপুর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট সেকেন্ড কোর্টে হাজির করলে তার জবানী নেয়া হয়। বর্তমানে জ্যোৎস্নার হাঁটাচলায় অসুবিধা হচ্ছে। অপরাধী গা ঢাকা দিয়েছে। তার বিরুদ্ধে কেস রুজু করা হয়েছে।

**এক হোমগার্ডের মৃত্যু** (১ম পৃষ্ঠার পর)

একটি মালবাহী লরি সরাসরি ধাক্কা মারলে জীপটি রাস্তার ধারে নয়নজলিতে উল্টে যায়। নৈমুদ্দিন জীপের তলায় চাপা পড়ে যান। জীপে ওসি, দু'জন সাব-ইনসপেক্টরসহ মোট পাঁচজন ছিলেন। প্রত্যেকে অল্প বিস্তর আহত হন। গুরুতর আহত অবস্থায় নৈমুদ্দিনকে বহরমপুর নিয়ে যাবার সময় রাস্তায় তিনি মারা যান। ট্রাকটির কোন খোঁজ পাওয়া যায়নি।

To build up Computer Career of the cheapest........join us !

**RCSM**

**( রাষ্ট্রীয় কম্পিউটার সাক্ষরতা মিশন )**

*অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র :*

অরবিন্দপল্লী, রঘুনাথগঞ্জ, Ph : 71713

বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে সদর রাস্তার ধারে দু' কাঠা জায়গার উপর বাসোপযোগী বাড়ী বিক্রয় আছে।

যোগাযোগের স্থান—

সমীর চক্রবর্তী, এ্যাডভোকেট, ফোন : ৬৪২৩২

মুকুল চক্রবর্তী, রঘুনাথগঞ্জ দরবেশপাড়া, ফোন : ৭১৫৪৮

## সন্ধান চাই

আমার ছেলে রাজিবুল হক, বয়স ১৭, গায়ের রং ফর্সা, ঘিয়ে রঙের প্যান্ট ও কালো রঙের চেক জামা, হাতে ঘড়ি ও আংটি পরিহিত অবস্থায় গত ৩১ জুলাই মোমিনটোলা বাড়ী থেকে মোরগ্রাম যাবার রাস্তায় নিখোঁজ। এ মর্মে গত ১৪ আগষ্ট রঘুনাথগঞ্জ থানায় একটি ডাইরীও ( নং ৫৬৪ ) করা হয়েছে। কোন সহৃদয় ব্যক্তি উক্ত ছেলেটির খোঁজ পেলে রঘুনাথগঞ্জ থানায় বা নিম্ন ঠিকানায় জানাতে অনুরোধ করা হচ্ছে। সন্ধানদাতাকে উপযুক্ত পুরস্কার দেওয়া হবে।

মোজাম্মেল হক

গ্রাম মোমিনটোলা, পোঃ লবণচোয়া, ( মুর্শিদাবাদ )

ফোন : ৬৭৩৬৬/৬৫৩২৩

## আফিডেবিট

আমি মহঃ বরজাহান সেখ, পিতা মৃত সাবার সেখ, সাং রামডোব পোঃ অজগরপাড়া। আমি মহঃ বরজাহান সেখ নামে পরিচিত। মহঃ বরজাহান সেখ ও মহঃ বরোজাহান সেখ একই ব্যক্তি প্রমাণে গত ৮ আগষ্ট ২০০১ জঙ্গিপুর নোটারী আদালতে আফিডেবিট করলাম।